গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেন্দিগঞ্জ, বরিশাল

স্মারক নং ০৫.১০.০৬৬২.১০১.২৫.০০২.২৪.১৬১ তারিখ ঃ ০৩ মার্চ ২০২৪ খ্রি.

## বাংলা ১৪৩১ সনের জন্য খেয়াঘাট ইজারা বিজ্ঞপ্তি (১ম বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলাধীন নিম্নলিখিত খেয়াঘাটসমূহ বাংলা ১৪৩১ সনের (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত দরপত্র আহবান করা হলো।

০২। আগ্রহী দরপত্রদাতাগণ বিস্তারিত শর্ত সম্বলিত সিডিউল ফরম নির্ধারিত মূল্যে(অফেরৎযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ; জেলা প্রশাসক, বরিশাল এর কার্যালয় ; সহকারি কমিশনার(ভূমি), মেহেন্দিগঞ্জ এর কার্যালয় ; সোনালী ব্যাংক পিএলসি, মেহেন্দিগঞ্জ শাখা ; মেহেন্দিগঞ্জ থানা (পুলিশ ষ্টেশন) থেকে আগামী ২৪ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন ক্রয় করা যাবে।

০৩। সীলমোহরকৃত খামে দরপত্রসমূহ আগামী ২৫ মার্চ ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ঃ০০ ঘটিকা থেকে বেলা ০২ঃ০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, বরিশাল এর কার্যালয় ; সহকারি কমিশনার(ভূমি) এর কার্যালয়, মেহেন্দিগঞ্জ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে জমা প্রদান করা যাবে এবং দরপত্র বাক্সে দাখিলকৃত দরপত্রসমূহ ঐ দিনই উল্লিখিত অফিস থেকে সংগ্রহ সাপেক্ষে বিকাল ০৪ঃ৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। প্রতিটি দরপত্রের সাথে(খেয়াঘাট) দরপত্রদাতা কর্তৃক দাখিলকৃত দরের/উদ্ধৃত মূল্যের **১০০%(শতকরা একশত ভাগ)** অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। দরপত্র গৃহীত ও অনুমোদিত হলে তা অবহিত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে সংশিষ্ট দরপত্রদাতাকে দরপত্রের দাখিলকৃত দরের উপর ১০% আয়কর ও ১৫% ভ্যাট সম্পূর্ণ ও একবারে জমা দিয়ে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল ১৯৯১ অনুসারে ২৫০/০০ টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে জমা দেয়া ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর অর্থ বাজেয়াপ্তসহ দরপত্র বাতিলপূর্বক সংশ্লিষ্ট খেয়াঘাট এর জন্য পুনরায় দরপত্র আহবান করা হবে। খেয়াঘাট ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন জানা যাবে। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন খেয়াঘাট এর দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। উলেখ্য যে, দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল ফরম বিক্রয় করা হবে না। প্রতিবারে দরপত্র দাখিলের সময় নতুনভাবে সিডিউল ক্রয় করতে হবে।

| ক্রঃ নং | খেয়াঘাট এর নাম | ইউনিয়নের নাম | সম্ভাব্য ইজারা মূল্য (কাঙ্খিত সরকারি মূল্য) | দরপত্র সিডিউলের বিক্রয় মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | বনিকের হাট খেয়াঘাট | আন্ধারমানিক-জয়নগর | ১,৪৫,২০০/- | ১,০০০/- |
| ০২ | দিঘীরপাড় খেয়াঘাট | লতা-জয়নগর | ৯৬,৮০০/- | ৫০০/- |
| ০৩ | মাঝেরচর খেয়াঘাট | দড়িচর খাজুরিয়া | ৬২,৭০০/- | ৫০০/- |
| ০৪ | বয়াতি বাড়ির খেয়াঘাট | দড়িচর খাজুরিয়া-বিদ্যানন্দপুর | ২৭,৫০০/- | ৫০০/- |
| ০৫ | বৈরাগীর খেয়াঘাট | ভাষানচর | ৪,৪৭২/- | ৫০০/- |
| ০৬ | কদমতলীর খেয়াঘাট | ঐ | ১,২১,০০০/- | ১,০০০/- |
| ০৭ | গাজিরচর খেয়াঘাট | চরগোপালপুর | ২৭,৫০০/- | ৫০০/- |
| ০৮ | ঘোলেরহাট খেয়াঘাট | ঐ | ৩,৫৭,৫০০/- | ১,৪০০/- |
| ০৯ | তালতলী মোস্তফা বাজার খেয়াঘাট | ঐ | ২,০৯,০০০/- | ১,২০০/- |
| ১০ | আমিরগঞ্জ বাজার খেয়াঘাট | ঐ | ১,৮৭,০০০/- | ১,০০০/- |
| ১১ | কাজিরচর বেপারী বাড়ী লঞ্চঘাট হতে মুজিববর্ষ বাজার খেয়াঘাট | ঐ | ২৪,২০০/- | ৫০০/- |
| ১২ | জাঙ্গালিয়া-আছুরচর খেয়াঘাট | জাঙ্গালিয়া | ৮,৮০০/- | ৫০০/- |
| ১৩ | সিন্নিরচর-চরশেফালী খেয়াঘাট | ঐ | ৬০,৫০০/- | ৫০০/- |
| ১৪ | আলিমাবাদ গাগরিয়া সুইচগেট বাজার হতে শ্রীপুর বাজার খেয়াঘাট | আলিমাবাদ | ১,৮১,৬৮২/- | ১,০০০/- |
| ১৫ | আলাউদ্দিন খাল হতে চরমিঠুয়া খেয়াঘাট | আলিমাবাদ | ১,৫৪,৩৬৬/- | ১,০০০/- |
| ১৬ | চরডাইয়া হতে পাতারহাট খেয়াঘাট | আলিমাবাদ-মেহেন্দিগঞ্জ | ৯,১৬৬/- | ৫০০/- |
| ১৭ | লালখারাবাদ হতে ঘোড়াঘাট খেয়াঘাট | চরএককরিয়া | ৬০,৮৬৬/- | ৫০০/- |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | খেয়াঘাট এর নাম | ইউনিয়নের নাম | সম্ভাব্য ইজারা মূল্য (কাঙ্খিত সরকারি মূল্য) | দরপত্র সিডিউলের বিক্রয় মূল্য |
|---|---|---|---|---|
| ১৮ | রুকুন্দি সাজীবাড়ি লালমিয়ার হাট খেয়াঘাট হতে বাহাদুরপুর খেয়াঘাট | মেহেন্দিগঞ্জ | ৩৫,৬২৪/- | ৫০০/- |
| ১৯ | রুকুন্দি মৃধার হাট হতে বাহাদুরপুর খেয়াঘাট | ঐ | ৯,৯০০/- | ৫০০/- |
| ২০ | স্টীমার ঘাট রাস্তার মাথা হতে মিটুয়া খেয়াঘাট | ঐ | ৬,৭৬,৫০০/- | ২,০০০/- |
| ২১ | উত্তর উলানিয়া হতে গোবিন্দপুর ইউনিয়নে যাতায়াতের খেয়াঘাট | উত্তর উলানিয়া-গোবিন্দপুর | ২,২২,২০০/- | ১,২০০/- |
| ২২ | জাঙ্গালিয়া ইউনিয়নের মাস্টার বাড়ি থেকে আমিরগঞ্জ বাজার খেয়াঘাট | জাঙ্গালিয়া-চরগোপালপুর | ১১,০০০/- | ৫০০/- |
| ২৩ | চানপুর ঢালিবাড়ীর ঘাট হতে বাহাদুরপুর খেয়াঘাট | চানপুর-মেহেন্দিগঞ্জ | ২০,৯০০/- | ৫০০/- |

০৬/০৩/২৪

উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল

স্মারক নং ০৫.১০.০৬৬২.১০১.২৫.০০২.২৪.১৬১(১০০) — তারিখ ঃ ০৩ মার্চ ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরীত হলো ঃ

০১। জেলা প্রশাসক, বরিশাল।
০২। পুলিশ সুপার, বরিশাল।
০৩। সিভিল সার্জন, বরিশাল।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................(সকল), বরিশাল।
০৬। সহকারী কমিশনার(ভূমি), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৭। মেয়র, মেহেন্দিগঞ্জ পৌরসভা, বরিশাল।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
০৯। উপজেলা ......................................................... অফিসার, মেহেন্দিগঞ্জ ।
১০। মেডিকেল অফিসার,................................................ স্বাস্থ্য কেন্দ্র/স্বাস্থ্য উপ-কেন্দ্র, মেহেন্দিগঞ্জ।
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি/পূবালী ব্যাংক পিএলসি/বাংলাদেশ কৃষি ব্যাংক, মেহেন্দিগঞ্জ শাখা।

১২। চেয়ারম্যান, .......................................... ইউনিয়ন পরিষদ(সকল), মেহেন্দিগঞ্জ । তাঁর ইউনিয়নাধীণ খেয়াঘাটসমূহে মাইকিং ঢোল সহরতের মাধ্যমে এই ইজারা বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩। ইউনিয়ন ভূমি সহকারি/উপ-সহকারি কর্মকর্তা, .................................... ইউনিয়ন ভূমি অফিস, মেহেন্দিগঞ্জ (সকল)। ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন খেয়াঘাটসমূহে মাইকিং ঢোল সহরতের মাধ্যমে এই ইজারা বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৪। পোষ্ট মাষ্টার, মেহেন্দিগঞ্জ পোষ্ট অফিস, মেহেন্দিগঞ্জ ।

১৫। জনাব ..............................................................................., ইজারাদার, ..........................................
খেয়াঘাট, গ্রাম-........................................., ডাকঘর-.......................................................................

০৬/০৩/২৪

উপজেলা নির্বাহী অফিসার
মেহেন্দিগঞ্জ, বরিশাল